

বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পোঃ ও জেলা- বর্ধমান (পিন-৭১৩১০১)

স্মারক সংখ্যা :- ডি.ই./ফেরী / ১৩৪

তারিখ ০৩/১/১৪

ফেরী ইজারার জন্য নিলাম ডাক আহ্বানের বিজ্ঞপ্তি (তৃতীয় দফা)

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন কাটোয়া / কালনা মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের এক বছরের জন্য (১ লা এপ্রিল ২০১৪ হইতে ৩১ শে মার্চ ২০১৫) নিলাম ডাকের আহ্বান করা হইতেছে। আগ্রহী ব্যক্তি/সংস্থাগণকে নিম্নলিখিত তারিখ, সময় সূচী ও স্থান অনুযায়ী উপস্থিত থাকার জন্য বলা হইতেছে।

ইচ্ছুক ব্যক্তিগণকে নিলামে অংশগ্রহণ করার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া ডাক দিতে হইবে। ডাক চূড়ান্ত হইবার পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে ডাক হইবে।

ভোট দেবার পরিচয় পত্রের নকল, প্রতিটি ফেরী ঘাটের জন্য নির্দিষ্ট জমিন জমার অর্থ, নগদে ডাকে অংশগ্রহণের পূর্বে জমা দিতে হইবে।

সর্বোচ্চ সফল ডাক দাতার জমিন জমার অর্থ চূড়ান্ত ডাকের অর্থ পরিমানের অংশ বলিয়া বিবেচিত হইবে এবং ডাকের বাকি অর্থ ঐ দিনেই নগদে জমা দিতে হইবে। বর্ধমান জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ দিনের মধ্যে ফেরী মাসুলের তালিকা সহ কবুলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জমিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ চুক্তিপত্র লেখা পড়া করিয়া ১০ টাকার নন জ্যুডিশিয়াল স্টাম্প পেপারে রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় ইজারা বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

অসফলকারী ডাকদাতাগণের জমিন জমার টাকা জেলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি / সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকমত চালাইতে পারেন নাই তাহাদের ডাকে অংশগ্রহণ করা যাইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহণ করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহণ করিতে বাধ্য নহেন এবং বিজ্ঞপ্তি প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া যে কোন ফেরী ঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির ডাক বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

ক্রমিক সংখ্যা	মহকুমার নাম	ফেরী ঘাটের নাম	নিলাম ডাকের স্থান	নিলাম ডাকের তারিখ ও সময়	জমিন জমার পরিমান (টাকা)	ডাকের সর্বনিম্ন পরিমান (টাকা)
১.	কাটোয়া	বেগুনকোলা	কাটোয়া শাখা অফিস কাছারী রোড, কাটোয়া, বর্ধমান জেলা পরিষদ	১৫ ই সেপ্টেম্বর ২০১৪, (সোমবার) ১১.০০ ঘটিকা	২৫০/-	২,০০০/-
২	কালনা	জলুই ডাঙা	কালনা শাখা অফিস কোর্ট কম্পাউন্ড, কালনা , বর্ধমান জেলা পরিষদ	১৫ ই সেপ্টেম্বর ২০১৪, (সোমবার) ১১.০০ ঘটিকা	৫০০/-	৫,০০০/-
৩		চরকমলনগর			২৫০/-	১০০০/-
৪		এদ্রাকপুর সাব ফেরী (চুপী)			২,০০০/-	১৫,০০০/-
৫		নারিকেল তলা			২,০০০/-	১৫,০০০/-
৬		মাজিদা			২,০০০/-	১৫,০০০/-
৭		তামাঘাটা			৫০০০/-	২৫০০০/-
৮		হাট কলনা			২৫০/-	১,০০০/-
৯		মালতিপুর			৫০০/-	৫০০০/-
১০		কাঠশালী			২৫০/-	২৫০০/-

স্মারক সংখ্যা :- ডি.ই./ফেরী / ১৩৪/১০
ইহার প্রতিলিপি

এর অবগতি ও ববিধ ব্যবস্থা অবলম্বনের জন্য পরিত হইল।

জেলা বাস্তুকার ০৩/০১/২০১৪

বর্ধমান জেলা পরিষদ

তারিখ ০৩/১/১৪

জেলা বাস্তুকার ০৩/০১/১৪

বর্ধমান জেলা পরিষদ